গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.betar.gov.bd

নং-১৫.৫৩.০০০০.০১৪.৩১.০০১.২০১৮(অংশ-১).২০৫.

তারিখ ঃ ২৭/০৭/ ১৪২৫ বঙ্গাব্দ
১৩/০৩/ ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ১০ মার্চ ২০১৯ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ বেতারের "ইনোভেশন কমিটির" সভার কার্যবিবরণী।

সভাপতি	:	পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, ঢাকা।
সভার তারিখ	:	১০ মার্চ ২০১৯, সময়: সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান	:	পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের দপ্তর কক্ষ
উপস্থিতির তালিকা	:	পরিশিষ্ট "ক"

অদ্য ১০ মার্চ ২০১৯ তারিখ পরিচালক (প্রশাসন ও অর্থ)-এর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভায় ইনোভেশন কমিটির সদস্য সচিব ও বাংলাদেশ বেতারের উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) সভাকে অবগত করেন যে, আগামী ২৪ মার্চ ২০১৯ তারিখ বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, চত্বরে তথ্য মন্ত্রণালয়ের তত্বাবধানে মন্ত্রণালয়সহ এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ প্রতিনিধিদের সমন্বয়ে ইনোভেশন শোকেসিং আয়োজনের তারিখ নির্ধারণ করা হয়েছে। তিনি সভাকে আরো অবগত করেন যে, বিগত বছরে বাংলাদেশ বেতার সফলভাবে ইনোভেশন শোকেসিং-এর আয়োজন করেছে। এবারও বাংলাদেশ বেতার সফলভাবে ইনোভেশন শোকেসিং আয়োজনে সচেষ্ট থাকবে। সভায় সফলভাবে ইনোভেশন শোকেসিং-এর আয়োজনের লক্ষ্যে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

১) সফলভাবে ইনোভেশন শোকেসিং আয়োজনের নিমিত্ত দায়িত্ব পালনের জন্য বাংলাদেশ বেতার, সদর দপ্তরের অনুষ্ঠান শাখার উপ-পরিচালক জনাব রোকসানা রহমানকে ইনোভেশন কমিটিতে কো-অপ্ট করা হলো।

২) আগামী ২৪ মার্চ ২০১৯ তারিখ তথ্য মন্ত্রণালয়ের তত্বাবধানে অনুষ্ঠিতব্য ইনোভেশন শোকেসিং-এ তথ্য মন্ত্রণালয়সহ অংগ্রহণকারী বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/সংস্থার সাথে সমন্বয় সাধন সহ কোন কোন প্রতিনিধি অংশগ্রহণ করবেন এবং শোকেসিং এ প্রদর্শনযোগ্য উদ্ভাবনী উদ্যোগসমূহের তালিকা প্রেরণের জন্য তথ্য মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট জনাব মাহবুবুল কবীর সিদ্দিকীকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩) ইনোভেশন শোকেসিং সুন্দর ও সফলভাবে বাস্তবায়নের জন্য এতদসংক্রান্ত ব্যয় বাংলাদেশ বেতার সদর দপ্তর, ঢাকার ২০১৮-১৯ অর্থ বছরের ৩২৫৭২০৫- উদ্ভাবন খাত থেকে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(খান. মোঃ রেজাউল করিম)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
এবং
আহ্বায়ক
ইনোভেশন টিম

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, আগারগাঁও (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
২। জনাব আব্দুর রহমান, উপ-আঞ্চলিক প্রকৌশলী, পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার, ঢাকা।
৩। জনাব মোঃ আল-আমিন খান, উপ-পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকা।
৪। জনাব তাপস চন্দ্র বোস, উপ-বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৫। জনাব শুভময় চন্দ, সহকারী পরিচালক, ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা।
সংযুক্তিঃ ট্রাফিক সম্প্রচার কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকা।
৬। জনাব মোহাম্মদ হামিদুর রহমান, উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা
[মহাপরিচালক মহোদয়ের সদর অবগতির জন্য]।